

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১০, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ: ২৫ পৌষ, ১৪৩০ বঙ্গাব্দ/৯ জানুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ০৮-আইন/২০২৪।—সরকার, Explosive Act, 1884 (Act No. IV of 1884), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর Section 5 এবং Section 7 এ প্রদত্ত ক্ষমতাবলে, বিস্ফোরক বিধিমালা, ২০০৪ এর নিম্নরূপ অধিকতর সংশোধনের প্রস্তাব করিয়া উক্ত Act এর Section 18 এর বিধান মোতাবেক এতদ্বারা প্রাক-প্রকাশ করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার বিধি ২৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২৪ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“২৪। সমুদ্রপথে আমদানি।—চট্টগ্রাম, মোংলা ও পায়রা বন্দর এবং সরকার কর্তৃক, সময় সময়, ঘোষিত অন্যান্য সমুদ্র বন্দর ব্যতীত অন্য কোনো সমুদ্রপথে কোনো বিস্ফোরক আমদানি করা যাইবে না।”।

২। উপরি-উক্ত সংশোধনী প্রস্তাব সম্পর্কে কাহারো কোনো আপত্তি বা পরামর্শ থাকিলে উক্ত আপত্তি বা পরামর্শ লিখিতভাবে এই প্রজ্ঞাপন সরকারি গেজেটে প্রকাশের তারিখ হইতে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রেরণের অনুরোধ করা হইল, এবং উক্ত সময়ের মধ্যে সংশোধনী প্রস্তাব সম্পর্কে কোনো আপত্তি বা পরামর্শ পাওয়া গেলে সরকার উহা বিবেচনাক্রমে প্রস্তাবিত সংশোধনী চূড়ান্ত করিবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নুরুল আলম
সচিব

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(২৬৫)

মূল্য : টাকা ৪.০০